# অনলাইন আয় গাইডলাইন

**১। অনলাইন আয় কি?**

অনলাইনে আয় করা বর্তমান সময়ের একটি যুগপোযোগী পদক্ষেপ।অনলাইনের মাধ্যমে অনেক টাকার কাজ হয়ে থাকে। মূলত কাজের খরচ কমানোর জন্য বিভিন্ন কোম্পানী অনলাইনের মাধ্যমে পৃথিবীর বিভিন্ন দেশ বিশেষ করে যেসকল দেশের শ্রম বাজার সস্তা সেখান থেকে কাজ করিয়ে নেয়। একেই বলে ফ্রিলান্সিং। আমাদের দেশও বিশ্বের সেরা ৩০ টি ফ্রিলান্সিং থেকে আয়কারী দেশের মধ্যে রয়েছে। বাংলাদেশে অনেক প্রতিকূলতার মাঝেও এ অবস্থান অর্জন বলে দেয় প্রতিকূলতাগুলো কাটানো সম্ভব হলে বাংলাদেশ ফ্রিলান্সিং এ অনেক এগিয়ে যেতে পারবে।

অনলাইনে আয় করার জন্য রয়েছে অনেক উপায়।এখন শুধু মাত্র অফিসিয়াল ডকুমেন্ট এর কাজগুলোই অনলাইনে করা হয় না। প্রোগামিং থেকে শুরু করে ছোটখাট ডেটা এন্ট্রির করা পর্য ন্তঅনলাইনের মাধ্যমে করা হয়ে থাকে। একজন শিক্ষিত লোক তার মেধা, ধৈর্য্য ও অনুশীলন এর মাধ্যমে অনলাইনে কাজ করে তার জীবনকে গড়তে পারে। বাংলাদেশে এমন অনেক ফ্রিলান্সার আছেন যারা ইতিমধ্যে ফ্রিলান্সিং করে ক্যারিয়ার গড়ছেন।

**২। কারা অনলাইনে আয় করতে পারে?**

প্রাথমিক যোগ্যতাঃ

১। কম্পিউটার ব্যবহারে দক্ষ ব্যক্তিগণ।
২। অফিস প্রোগাম ব্যবহার করা জানতে হবে
৪। ইন্টারনেট ব্যবহার জানতে হবে।
৫। ইংরেজী ভাষায় যোগাযোগ করা জানতে হবে।

**৩। অনলাইনে আয় করার জন্য কি যোগ্যতা/কি প্রস্তুতি দরকার?**

১। যে সকল ব্যক্তি ইংরেজী লিখতে এবং পড়তে পারে এবং শব্দের অর্থ বের করতে পারে।

২। সাধারণ চিহ্ন দেখে বিষয়টি বুঝার ধারনা থাকতে হবে।
৩।দীর্ঘ  সময় কাজের মননশীলতা থাকতে হবে।

**৪। অনলাইনে আয় করার জন্য কি কি উপকরণ দরকার?**

১। কম্পিউটার

২। ইন্টারনেট সংযোগ

৩। প্রয়োজনীয় সফটওয়্যার

Swanirvar Bangladesh

**৫। কোন কোন সাইডে সহজে কাজ করা সম্ভব?**

অনলাইনে আয় করার মত অনেক কাজ রয়েছে। এগুলোকে কয়েকটি ভাগে ভাগ করা যায়। সেগুলো নিম্নরুপঃ

১) পিটিসি/পিপিসি

২) ছোট ছোট কাজ

৩) ফ্রিলান্সিং

৪) অনলাইন মার্কেটিং

৫) ফরেক্স

নিম্নে তা আলোচনা করছি।

**১) পিটিসি/ পিপিসি**

পিটিসি/পিপিসি হল পেইড টু ক্লিক অথবা পেইড পার ক্লিক। বিভিন্ন কোম্পানী তাদের ওয়েব সাইটে ভিজিটর বাড়ানোর জন্য অথবা পন্য/সেবা বিক্রির জন্য বিজ্ঞাপন দেয়। তাদের বিজ্ঞাপন দেখার জন্য তারা আপনাকে টাকা দিবে। কিন্তু একটি সত্য কথা হল পিটিসি/পিপিসি সাইটগুলো আপনাকে টাকা দিবে তার নিশ্চয়তা কম। বেশির ভাগ কোম্পানী প্রতারনা করে থাকে। আমি বলব আপনারা এটিতে বেশি সময় দিবেন না। এখানে আপনি একটি সাইটে জয়েন করলে প্রতিদিন ৪-১০ টি বিজ্ঞাপন পাবেন এবং প্রতি বিজ্ঞাপন দেখার জন্য পাবেন ১সেন্ট। তাহলে বলতে পারেন এত কম টাকা? পিটিসিতে আপনি বেশি আয় করতে পারেন বেশি বেশি রেফার করে। কারন আপনি যত রেফার করবেন তারা বিজ্ঞাপন দেখলেও আপনি একটি অংশ পাবেন।আপনি যদি ভাল (যারা টাকা দেয়) দেখে ৫ টি সাইটে জয়েন করেন ও প্রতি সাইটে ৫ টি করে বিজ্ঞাপন দেখেন এবং ২০ জনকে রেফার করেন তাহলে প্রতিদিন আপনার আয় হবে ৫*৫*২০= ৫০০ সেন্ট । মানে ৫ ডলার । তাহলে মাসে ১৫০ ডলার।


কিন্তু সমস্যা হল কিছু কিছু পিটিসি সাইট কখনোই টাকা দেয় না। কিছু কিছু আছে প্রথম প্রথম টাকা দেয় কিন্তু কিছু দিন পড়ে স্কেম হয়ে যায়।তাই নিশ্চিত করে বলা সম্ভব নয় যে এই সাইটটি নিশ্চিত টাকা দিবে। তবে এখন যেসকল সাইটগুলো টাকা দেয় সেগুলো আমি এখানে উল্লেখ করব। আমি একটি সাইটে জয়েন ও কিভাবে করতে হবে তা ছবি সহ আলোচনা করব বাকীগুালোর জয়েন প্রক্রিয়া প্রায় এক। দেখতে একটু অন্য রকম হলেও একটু খেয়াল করলে বাকীগুলোতে আপনি জয়েন করতে সমস্যা হবে না।


১) http://www.infinitybux.com

প্রথমে এই সাইটে যান । রেজিস্টার এ ক্লিক করুন এবং নিচের মত আপনার তথ্য দিন।মনে রাখবেন তথ্য যেন সঠিক হয়।

ক)

Swarnirvar Bangladesh






রেজিস্টার এ ক্লিক করার পর আপনার ইমেইল ঠিকানা খুলুন এর ইমেইল ভেরিফায় করুন নিচের মত।

Swanirvar Bangladesh

খ)




এখন আপনার আইডি ও পাসওয়ার্ড দিয়ে আপনার একাউন্ট লগ ইন করুন। তারপর নিচের মত করে একাউন্ট সম্পাদনা করুন। সর্ব শেষআপনি সেভ করুন।





Swanirvar Bangladesh

গ)এখন আপনি add এ ক্লিক করুন এবং নিচের মত করুন।

ঘ)




ঙ)




Swarnivar Bangladesh

তারপর আপনি আবার (ঘ) এর মত করতে থাকুন।যতক্ষন add থাকে।

সকল পিটিসি সাইট এ রেজিস্ট্রেশন ও এড দেখা প্রায় একই নিয়ম।শুধু ভাষা স্টাইল ও দেখতে পার্থ ক্য থাকতে পারে।যেমনঃ




অন্যান্য পিটিসি/পিপিসি সাইটঃ

২) [http://www.neobux.com](http://www.neobux.com)

৩) [http://buxjunction.com](http://buxjunction.com)

৪) [http://www.tenadsplus.com](http://www.tenadsplus.com)

৫) [http://www.clixzing.com](http://www.clixzing.com)

৬) [http://www.clicksia.com/](http://www.clicksia.com/)

৭) http://tkquize.com

৮)http://www.feebux.com

৯) http://tkquize.com

১০)http://www.feebux.com

মনে রাখবেন পিটিসি সাইটে আপনি যত বেশি রেফার করতে পারবেন তত বেশি আয়। তার জন্য আপনি আপনার পরিচিত জনকে আপনার রেফার লিংকটি দিন যাতে সে ক্লিক করে জয়েন করলে আপনার রেফার হয়ে যাবে।তবে

ভুলেও আপনি নিজের নামে একাধিক একাউন্ট খুলতে যাবেন না। এবং আপনার কম্পিউটার ও ইন্টারনেট সংযোগ থেকে যেন একাধিক একাউন্ট না হয় সেটি খেয়াল রাখবেন নতুবা আপনার সকল আইডি সাসপেন্ড হয়ে যাবে।

আপনি প্রতিদিন এড দেখবেন এবং আপনার রেফারকে বলবেন তারাও যেন প্রতিদিন এড দেখে এতে আপনার লাভ। আবার আপনি একদিন এড না দেখলে পরের দিন আপনার রেফার যা ক্লিক করবে তা আপনার একাউন্টে যোগ হবে না।

আপনি একসাথে সবগুলো পিটিসি সাইট লগ ইন করে একটির এড এ ক্লিক করে অন্য সাইটের এড এ ক্লিক করুন এতে আপনি একটি সাইটের এড দেখতে যে সময় লাগার কথা সে সময়ের মধ্যেই আপনি সবগুলো সাইটের এড দেখতে পারবেন।

টাকা উত্তোলনঃ যখন আপনার একাউন্টে মিনিমাম পে আউট জমা হবে তখন আপনি withdraw করার জন্য অনুরোধ জানাতে পারবেন। বিভিন্ন সাইটে মিনিমাম পে আউট বিভিন্ন রকম।

আপনি রেফার বাড়ানোর জন্য ফেসবুক, বিভিন্ন অনলাইন ইনকাম ফোরাম, টুইটার ইত্যাদিতে আপনার রেফার লিংক দিতে পারেন।

**রেফার লিংকঃ**

রেফার লিংক পাবার জন্য আপনার একাউন্ট থেকে promotion tool অথবা banner অথবা refer link টি খুজে নিন। সেখানে আপনার রেফার লিংকটি থাকবে।

এখন আমি বিস্তারিত আলোচনা করার আগে জানিয়ে নিচ্ছি আপনি যে কাজটি করবেন তা আপনাকে জানতে হবে আমি আপনাদেরকে দেখাব কিভাবে কাজ নিবেন, কোথায় থেকে নিবেন, কিভাবে টাকা পাবেন ইত্যাদি। আপনি কাজে যত বেশি দক্ষ হবেন তত বেশি কাজ পাবেন এবং আয় করতে পারবেন। আগে নির্ধারিতকরবেন আপনি কোন কাজ করবেন এবং সে কাজে আপনাকে আরও দক্ষ করে তুলুন এবং কাজের জন্য আবেদন করুন।

**৬।সহজে ও দ্রুত টাকা উত্তোলনের উপায়/প্রক্রিয়া/ধাপ**

এখন আলোচনা করব কিভাবে টাকা পাওয়া যাবে তা নিয়ে কেননা আয় করার জন্যই আমরা কাজ করব।অনলাইনে কাজ করলে যেসকল মাধ্যমে টাকা পাওয়া যায় সেগুলো হলঃ

১। চেক

২। পেমেন্ট প্রসেসর

৩। ডেবিট/ক্রেডিট কার্ড

১। চেকঃ যেখানে কাজ করবেন তারা আপনার ঠিকানায় একটি চেক পাঠাবে অবশ্য সেটির কারেন্সি থাকবে ডলার এ। আপনাকে বাংরাদেশের সেকল ব্যাংক ডলার এর চেক ভাংগায় সেখান থেকে এটিকে ভাংগিয়ে আনতে

Swanirvar Bangladesh

হবে।এর জন্য আপনাকে ৫-৭ দিন অপেক্ষা করতে হবে। কিছু কিছু ব্যাংক ১৫ দিন সময় নেয়।যেসকল ব্যাংক এ সকল ডলার কারেন্সির চেক ভাংগায় তার মধ্যে আমার জানা মতে ইসলামী ব্যাংক ভাল।আপনি যখন কাজ করে পেমেন্ট পাবেন তখন আপনি আরও অনেক জানতে পারবেন এই ব্যপারে।

২। পেমেন্ট প্রসেসরঃ পেমেন্ট প্রসেসর হল এক প্রকার অনলাইন ব্যাংক। আপনি যেখানে কাজ করবেন তারা সেকল পেমেন্ট প্রসেসর এ আপনার টাকা পাঠাবে। আপনি যখন চাইবেন তখন টাকা উঠাতে পারবেন অথবা অনলাইনে কেনা কাটা, বিভিন্ন বিল পরিশোধ ইত্যাদির কাজ করতে পারবেন। পেমেন্ট প্রসেসর থেকে টাকা উঠানোর জন্য যে সকল পথগুলো আছে সেগুলো হলঃ

ক) চেকঃ পেমেন্ট প্রসেসর থেকে চেক পাওয়া ও ভাংগানোর নিয়ম উপরে উল্লিখিত চেক ভাংগানোর মত একই।

খ) ব্যাংক ট্রান্সফারঃ আপনি যখন পেমেন্ট প্রসেসর এ একাউন্ট খুলবেন তখন আপনার তথ্যের সাথে আপনার ব্যাংক একাউন্ট এর তথ্য দিতে হবে। এবার আপনি যখন টাকা উঠানোর অর্ডারদিবেন তখন তারা আপনার ব্যাংক একাউন্টে পাঠিয়ে দিবে। এগুলো কিভাবে করবেন তা পরে আলোচনা করব।

গ) ওয়ার ট্রান্সফারঃ এটি দ্রুত টাকা পাওয়ার মাধ্যম কিন্তু টাকা উঠাতে ৩০-৩৫ ডলার ফি দিতে হয়। তাই আমরা এটি ব্যবহার করব না।

ঘ) ডেবিট/ ক্রেডিট কার্ডঃ ডেবিট/ক্রেডিট কার্ড দিয়ে টাকা উঠানো গেলেও বাংলাদেশী ব্যাংক কর্তৃক ইস্যুকৃত কার্ড দিয়ে আপনি টাকা তুলতে বা জমা দিতে বা অনলাইনে কোন কিছু কিনতে পারবেন না। এর জন্য আপনাকে পেমেন্ট প্রসেসর কর্তৃক ইস্যুকৃত মাস্টার কার্ড ব্যবহার করতে পারেন। ওদের কাছ থেকে কার্ড পেতে আপনাকে ফি দিতে হবে ।এটির জন্য ২০ ডলার এর মত খরচ হবে।আপনি ওদেরকে কার্ড এর অর্ডার দিলে তারা আপনার ঠিকানায় ২১ দিন এর মধ্যে পাঠিয়ে দিবে এবং মাধ্যমে আপনি সারা পৃথিবীর মাস্টার কার্ড লগো আছে এমন এটিএম বুথ থেকে টাকা ওঠাতে পারবেন নিমিষে।

এবার আসি কি কি পেমেন্ট প্রসেসর আছে এবং কোনগুলো বাংলাদেশের জন্য প্রযোজ্য।

১। Alertpay ( www.alertpay.com)


Alertpay বাংলাদেশ সার্পোট করে। বাংলাদেশের অনেক অনলাইন আয়কারীরা Alertpay এর মাধ্যমে টাকা বাংলাদেশে এনে থাকে।বিশেষ করে আমি এখনো Alertpay ব্যবহার করে থাকি।

এখন দেখব কিভাবে Alertpay তে একাউন্ট খুলতে হয়:


ক) প্রথমে www.alertpay.com সাইটটিতে যান

Swarniyar Bangladesh

খ)





গ) এখানে দেশ বাংলাদেশ সিলেক্ট থাকবে





Swanirvar Bangladesh

ছবির মত করে নেক্সট এ ক্লিক করুন

ঘ) প্রয়োজনীয় ফিল্ডগুলো পূরণ করুন এবং নেক্সট বাটন চাপুন





ঙ) আপনার সঠিক ইমেইল ঠিকানা দিন এবং ৬ ডিজিটের ট্রান্সেকশন পিন নাম্বার দিন এবং মনে রাখুন





Swanirvar Bangladesh

চ) চিত্রের মত পূরণ করে ওয়ার্ড ভেরিফিকেশন দিয়ে ফাইনাল স্টেপ এ চাপুন





উপরের কাজগুলো সঠিক হলে আপনার ইমেইল ঠিকানায় একটি ইমেইল যাবে আপনার একাউন্ট ভেরিফাই করার জন্য।তাই এখন আপনি আপনার ইমেইল ঠিকানা সাইন ইন করুন।তারপন এলার্ট পে থেকে পাওয়া মেইলটি খুলুন।এখন নিচের চিত্রের মত করুন।




Swanirvar Bangladesh


লিংকটিতে ক্লিক করার পর নিচের মত পেজ আসবে সেখান থেকে ক্রেডিট কার্ড এ পেমেন্ট পাবার অপশনটিতে নো চাপুন।




Alertpay তে আপনার একাউন্ট খোলার প্রক্রিয়া শেষ হল। পরবর্তীতে আপনার প্রয়োজন মত প্রোফাইল পরিবর্তন করে নিতে পারবেন। তবে একটি বিষয় অবশ্যই খেয়াল রাখবেন আপনি যে তথ্য দিচ্ছেন তা যেন সঠিক হয়।

২। পেপালঃ যদিও ইন্টারনেটের যেসকল পেমেন্ট প্রসেসর রয়েছে তাদের মধ্যে পেপাল একাই দুই-তৃতীয়াংশ দখল করে এবং মোটামোটি সকল কোম্পানী পেপালকে গুরুত্ব দেয় তথাপি বাংলাদেশে এখনো পেপাল সার্ভিসটি নেই। আপনাদের মধ্যে যাদের বিদেশ খুব কাছের আত্মীয় আছে এবং ইন্টারনেট ব্যবহার করতে পারে তার মাধ্যমে পেপাল এ একাউন্ট খোলতে পারেন। তবে টাকা আপনি তার মাধ্যমে পাবেন অথবা পেপালবিডি এর মাধ্যমে পেপাল থেকে টাকা উঠাতে পারবেন। সাইটটির ঠিকানা: www.paypal.com


৩। মানিবুকারসঃ এটিও পেপাল, এলার্ট পেএর মত আরেকটি অনলাইন পেমেন্ট প্রসেসর। এটিতে বাংলাদেশীরা একাউন্ট খোলতে পারে এবং টাকা উত্তোলন করতে পারে।এটিতেও একাউন্ট খোলতে হলে এলার্ট পেএর মত সকল তথ্য দিয়ে একাউন্ট খুলতে হবে।অবশ্যই খেয়াল রাখবেন প্রদত্ত তথ্য যেন সঠিক ও সত্য হয়। সাইটটির ঠিকানাঃ http://www.moneybookers.com । তারপর নিচের চিত্রের মত করুন এবং বাকী পদক্ষেপ গুলো মেনে চলুন।




Swanirvar Bangladesh

৪। লিভার্টি রিজার্ভ ঃলিভার্টি রিজার্ভবাংলাদেশ সাপোর্ট করে থাকে। এখানে আপনি পাবেন অনেক নিরাপত্তা। তবে যারা নতুন তারা নিতান্ত প্রয়োজন না হলে লিভার্টি রিজার্ভএ একাউন্ট খুলবেন না। কেননা এটি ব্যবহার করা একটু জটিল। অন্যান্য সাইন আপ/ রেজিস্টার এর মত এখানেও আপনি একাউন্ট খুলতে পারেন। এই সাইটটির ঠিকানাঃ [http://www.libertyreserve.com/](http://www.libertyreserve.com/)

লিভার্টি রিজার্ভএ আপনার পাসওয়ার্ড, একাউন্ট নাম্বার, লগ ইন পাসওয়ার্ড, মাস্টার কি এগুলো খুব সতর্কতার সাথে সংরক্ষন করে রাখতে হবে।




আপনি




হয়তো বলতে পারেন, আমি কোন পেমেন্ট প্রসেসর এ একাউন্ট খুলব? উত্তর একটাই বাংলাদেশীদের জন্য এলার্ট পেঅনেক সহজ কিন্তু কিছু সাইট আছে যারা এলার্ট পেসাপোর্ট করে না, লিভার্টি রিজার্ভসাপোর্ট করে। তাই আপনি যে সাইটে কাজ করবেন দেখে নিবেন তাদের পেমেন্ট প্রসেস কি এবং তা বাংলাদেশ সাপোর্ট করে কিনা। যদি একাধিক পেমেন্ট প্রসেসর থাকে তাহলে সহজটি ব্যবহার করবেন। আমি বলব এলার্ট পেসাপোর্ট করলে এলার্ট পেব্যবহার করতে।

**এলার্ট পেএবং মানিবুকার্স এ একাউন্ট নাম্বার হিসেবে আপনার প্রদত্ত ইমেইল ঠিকানাটিই ব্যবহৃত হবে এবং লিভার্টি রিজার্ভএ একাউন্ট নাম্বার আপনার ইমেইল ঠিকানায় পৌছে যাবে।কখনোই আপনি আপনার ইমেইল ঠিকানা ও একাউন্ট নাম্বার বিশ্বস্ত ছাড়া কাউকে দিবেন না।যেনতেন জায়গায় ইমেইল ঠিকানা দিয়ে সাব্সক্রাইব করবেন না।

7। **কাজ করার পরে যাতে করে প্রতারিত না হতে হয় সেজন্য করণীয় ;** কাজ করার পর প্রতারিত হওয়ার আগেই আমাদের চিনতা করতে হবে যেন প্রতারিত না হতে হয়। সে জন্য আমাদের অনেক কিছু করার আছে যেমন সাইট টির ভেলুডাটা কেমন,কাজের রেংকিং কেমন,কতজন ব্যক্তি এই সাইট থেকে টাকা উত্তোলন করতে সক্ষম হয়েছে আর এসব ডাটাগুলো নীরিক্ষা করার জন্য কয়েকটি সাইট কাজ করে আসছে তাই আপনারা কাজ করার আগেই এই বিষয়গুলো নীরিক্ষা করে নিন

Swanirvar Bangladesh

অ্াার এর জন্য নীচের সাইডগলোতে যান এবং দেখে নিন আপনি যে সাইটটি কাজ করার জন্য বেছে নিয়েছেন তা এখানে লিস্টেড কিনা যদি থাকে তাহলে কাজ করা শুরু করে দিন,

১।**http://ptc-investigation.com** **(ভেলুডাটা দেখার জন্য)**

২।**www.alexa.com** **( রেংকিং দেখার জন্য)**

**৮। কাজ করার মাঝে কি কি প্রতিবন্ধকতা আসতে পারে এবং তার সমাধান**

কাজ করার মাঝে সবচেয়ে বেশী প্রতিবন্ধকতা হল কাজের সাইটগুলো খুজে বের করা আর এর জন্য আমরা অনেক গুলো সাইট এর ঠিকানা দিয়ে দিলাম বাংলাদেশে মফস্বল এলাকাতে কাজ করতে আমরা যে সকল সমস্যা বোধ করি তা হল নেট এর গতি অ্াার সেজন্যই আমরা বড় কাজগুলো না করে ছোট ছোট সাইট এর কাজগুলো বেছে নেওয়াটাই উত্তম মনে করি।যেমন পিপিসি/পিটিসি সাইট এর কথা উল্লেখ করা যায়।

**৯। কাজ করার জন্য প্রতিদিন কতটুকু সময় ব্যয় করতে হবে**

যদি কেউ চুক্তি ভিত্তিক কোন কাজ না করে তাহলে দৈনিক ১-২ ঘন্টা কাজ করলে মাসে ৬০-৭০ ডলার আয় করতে পারবে,অ্াার যদি কেউ

1. oDesk.com
2. Freelancer.com
3. GetACoder.com
4. RentACoder.com
5. ScriptLance.com

এই সাইটগুলোতে কাজ করে তাহলে তাকে কাজ নেওয়ার সময়ই কতটুকু সময়ে কাজ তোলে দিতে পারবে তার সময় উল্লেখ করা থাকবে সুতরাং সেই অনুযায়ী তাকে কাজের জন্য সময় দিতে হবে।

অনলাইনে কাজ করে টাকা পাওয়া যায় এই মননশীলতা নিয়ে কাজ করেন এবং কাজ করার আগে উপরের লেখাগুলো ভাল করে দেখে নিন তাহলে আর কোন সমস্যা হবে বলে মনে করছিনা..

ধন্যবাদ

Swanirvar Bangladesh